

Bengali essay **jokhon amar mon kharap** hoy tokhon amar kichhui valo lage na. sob kichhu kemon mlan o bihsaadmoy lage. Kothao jete ichhe kore na, kichhu khete ichhe kore na...

যখন আমার মন খারাপ...

যখন আমার মন খারাপ হয় তখন আমার কিছুই ভালো লাগে না। সব কিছু কেমন ম্লান ও বিশ্বাসদায়ক লাগে। কোথাও যেতে ইচ্ছে করে না, কিছু খেতে ইচ্ছে করে না, কারো সাথে কথা বলতে ইচ্ছে করেনা। কেউ কিছু বললে তা শুনতে ইচ্ছে করে না। কারো ভালো কথাও তখন বিষের মতন লাগে। মনে হয় সব ছেড়ে কোথাও দূরে অনেক দূরে চলে যাই।

কেন আমার মন খারাপ হয়? বেশির ভাগ সময় মন খারাপের কারণ খুঁজে পাই না। যেমন সেদিনই তো বাবা আমাদের সকলকে নিয়ে সাইন্স সিটি বেড়াতে যাবেন বলে সব ঠিক। আমরাও সময় মতন জামা জুতো পরে তৈরী। অনেক দিন বাদে বেড়াতে যাব বলে মনে খুব আনন্দ। কি করব ,কি খাব, আরো অনেককিছু মনে মনে ভেবে রেখেছিলাম। কিন্তু আমরা সবে বেরোতে যাব এমন সময় আকাশ কালো করে ঝাম ঝামিয়ে নামল বৃষ্টি। ওফঃ! সে কি বৃষ্টি! দেখতে দেখতে আমাদের বাড়ির সামনে জল দাঁড়িয়ে গেল। আর আমাদের বেড়াতে যাওয়াও হয়ে গেল মাটি।

তখন আমার মন খুব খারাপ হয়ে গেল। ইচ্ছে করছিল চিৎকার করে কাঁদি। তাহলে বোধহয় বৃষ্টিটা থামবে। না, সেও যেন গোঁ ধরে বসেছে আমাদের বেড়াতে যাওয়াটা সে ভঙ্গুল করবেই করবে। আমার তখন কিছুই ভালো লাগছিল না। বাবা কত বোঝালেন, মা ভালো ভালো খাবার তৈরী করে দিলেন। কিন্তু না, কিছুতেই যেন আমার মন মানে না।

এতো গেল কোনো কারণে মন খারাপ হওয়ার কথা। এক এক বার কোনো কারণ ছাড়াই কেন যেন মন খারাপ করে। কিছুই বুঝতে পারি না কেন মন খারাপ হলো। তখন নিজেকে বাস্তব থেকে অনেক দূরে নিয়ে যেতে ইচ্ছে করে। সব কিছু ভুলে যেতে ইচ্ছে করে। এই মনখারাপ যেন একটা রোগের মতন আমার ওপর চেপে বসে। যার কোনো সমাধান পাই না।

তবু জানি বাস্তবকে মেনে নিতেই হবে। মনখারাপ হলেও মনের সাথে যুদ্ধ করতে হবে। তবেই তো আমি বড় হব। মানুষের মতন মানুষ হব। মনের ওপর লাগাম দিয়ে, অকারণ মনখারাপকে গুরুত্ব না দিয়ে, জীবন যুদ্ধে জয়ী হওয়াটাই তো সবচেয়ে বড় পরীক্ষা।

আজকাল মনখারাপ হলেই আমি আমার ভাললাগা গান শুন। আর কিছুক্ষণ পর সব ঠিক হয়ে যায়।

© arked